# উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটির এপ্রিল/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ২৩/০৪/২০২৫ খ্রিঃ, সময় ঃ দুপুর- ২.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা কৃষি অফিসের এপ্রিল/২০২৫ মাসের সার্বিক চিত্রঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত এপ্রিল/২০২৫ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।<br>০১। ইউরিয়া ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ১৯৬ মে.টন।<br>০২। টিএসপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৫৭ মে.টন।<br>০৩। ডিএপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ১৬১ মে.টন।<br>০৪। এমওপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ২৩৭ মে.টন।<br>অত্র উপজেলায় সারের কোন সংকট নাই।<br>তিনি আরো জানান যে, প্রণোদনা কর্মসূচীর আওতায় সরিষা- ৮০০ জন, গম- ৬,৮০০ জন, শীতকালীন পেঁয়াজ- ৩০ জন, ভূট্টা- ১,৫০০ জন এবং চিনাবাদান- ৮০০ জন কৃষকের মাঝে পর্যায়ক্রমে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সারের সংকট মোকাবেলায় কৃষকদের নিকট ন্যায্যমূল্যে সার বিতরণের লক্ষ্যে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। | উপজেলা কৃষি অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদন এবং এসএএওগণের কর্মকান্ড নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | **স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়ন ঃ** সভাপতি জানান যে, স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়নের লক্ষ্যে স্বল্প ও ধীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়নের লক্ষ্যে স্বল্প ও ধীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | **স্থানীয়ভাবে কর্মরত বেসরকারি সংগঠন ও কৃষি বিভাগ ঃ** স্থানীয়ভাবে কর্মরত সংগঠন ও কৃষি বিভাগ কর্তৃক প্রদত্ত ভর্তুকির উপকরণের (সার, বীজ, ডিজেল) উপকারভোগী কৃষককের তালিকা প্রণয়ন প্রক্রিয়া পর্যালোচনা করা এবং নীতিমালার আলোকে তালিকা প্রণয়নে সহায়তা প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | স্থানীয়ভাবে কর্মরত সংগঠন ও কৃষি বিভাগ কর্তৃক প্রদত্ত ভর্তুকির উপকরণের (সার, বীজ, ডিজেল) উপকারভোগী কৃষককের তালিকা প্রণয়নে সহযোগীতা প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | কমিটির সকল সদস্য |
| ০৪ | **কৃষি ও সেচ উন্নয়ন ঃ** কৃষি ও সেচের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় সুপারিশ প্রদান করা এবং কৃষি ক্ষেত্রে উন্নত প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ও সম্প্রসারণে সংশ্লিষ্ট দপ্তর ও কৃষকদের অনুপ্রেরণা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | কৃষি ও সেচের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় সুপারিশ প্রদান করা এবং কৃষি ক্ষেত্রে উন্নত প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ও সম্প্রসারণে সংশ্লিষ্ট দপ্তর ও কৃষকদের অনুপ্রেরণা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।৪।২৫

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-২৮১ তারিখঃ ১০ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০২। পুলিশ সুপার, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা .......................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.......................................................................................
সদস্য, **উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি**, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

২৩/০৪/২৫

মোঃ আসাদুন্নবী
উপজেলা কৃষি অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ-

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | মোঃ ফারুক হোসেন, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ১৮৯

তারিখঃ ০৯ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ২২ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ২৩/০৪/২০২৫ তারিখ রোজ বুধবার দুপুর- ২.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।

০৪। বিবিধ।

২২/০৪/২৫

মোঃ আসাদুন্নবী
উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

..............................................................

..............................................................

(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

০২। অফিস নথি।